

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৩.১৭- ৬৬৬

তারিখ: ১৩.১১.২০১৭ খ্রি:।

বিষয়: চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা-এর ০৭ (সাত) শতাংশ নিজস্ব জমি জেলা প্রশাসকের নামে দানকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব জামিরুল হক এর আবেদন পত্র।

(২) জমি দানের দলিল নং ৪৩৬১

(৩) উপজেলা ভূমি অফিস, হোমনা, কুমিল্লা এর স্মারক নং ৩১.২০.১৯৫৪.০০১.০০৩.০০০.২০১৭-৩৮৩

(৪) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.১৯.০৭-৬৯২

(৫) চাদাইমা/২৫৫/২০১৭

তারিখ: ১৭.০৯.২০১৭ খ্রি:

তারিখ: ১১.০৯.২০১৭ খ্রি:

তারিখ: ১৩.০৮.২০১৭ খ্রি:

তারিখ: ১৮.০৯.২০১৭ খ্রি:

তারিখ: ১৫.১০.২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ ও ২ নং স্মারকের কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা-এর ০৭ (সাত) শতাংশ মাদরাসার নামে দলিল করা নিজস্ব জমি জেলা প্রশাসক, কুমিল্লা-এর নামে ইউনিয়ন ভূমি অফিস স্থাপনের নিমিত্ত দান(দলিল নং ৪৩৬১, তারিখ: ১১.০৯.২০১৭ খ্রি:) করা হয়েছে।

০২। এর প্রেক্ষিতে সূত্রোক্ত ৪ নং স্মারকের মাধ্যমে মহোদয়কে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হয়েছিল।

০৩। সূত্রোক্ত ৫ নং স্মারকের মাধ্যমে অত্র অধিদপ্তরে জবাব প্রেরণ করা হয়েছে। জবাব পর্যালোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য জরুরী ভিত্তিতে নিম্নোক্ত কাগজপত্র প্রয়োজন।

(ক) মাদরাসার নামে দলিলকৃত সকল জমির এস.এ খতিয়ান এর সার্টিফাইড কপি(ফটোকপি নয়)।


(খ) মাদরাসার নামে দলিলকৃত সকল জমির আর.এস খতিয়ান এর সার্টিফাইড কপি(ফটোকপি নয়)।

(গ) মাদরাসার নামে বিভিন্ন দাতাদের দানকৃত জমির দলিলের সত্যায়িত ফটোকপি।

(ঘ) মাদরাসার নামে দলিলকৃত সকল জমির নামজারীর(মিউটেশন) সত্যায়িত ফটোকপি।

০৪। এমতাবস্থায় উপরে চাহিত গুরুত্বপূর্ণ কাগজপত্র আগামী ২৬.১১.২০১৭ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পৌছানো নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ,  
চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা।

  
(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ফোন নং- ৯৩৪৫৮৮০  
ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুমিল্লা। (বর্ণিত মাদরাসার স্থানে ইউনিয়ন ভূমি অফিস স্থাপন কার্যক্রম বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখার অনুরোধসহ)
৩. উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।
৪. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হোমনা।
৬. সভাপতি, চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা।
৭. অফিস কপি।